



Foreign Office Spouses' Association (FOSA) Dhaka

নংঃ ফোসা/সভা/২০২৩

তারিখঃ ১৬ নভেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

প্রিয় সদস্যবৃন্দ,

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামীকাল শুক্রবার, ১৭ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০:০০ টা থেকে রাত ৮:০০ টা পর্যন্ত ফরেন সার্ভিস একাডেমীতে ফোসা ইন্টারন্যাশনাল চ্যারিটি বাজার-এর আয়োজন করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ডঃ এ, কে, আব্দুল মোমেন, এম পি মহোদয় প্রধান অতিথি হিসেবে আগামীকাল সকাল ১১:০০ টায় মেলার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার সদয় সম্মতি প্রদান করেছেন। এবারের মেলায় ঢাকাস্থ ১৫ টি বিদেশী মিশনসহ বিভিন্ন দেশীয় প্রতিষ্ঠান তাদের পন্য এবং খাবারের স্টল নিয়ে অংশগ্রহণ করছে। এ ছাড়াও মেলা চলাকালীন ফরেন সার্ভিস একাডেমীর অডিটোরিয়ামে বিভিন্ন দেশের অংশগ্রহণে বিকেল ৩:০০ টা থেকে সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। মেলায় র‍্যাফেল ড্র-তে অংশগ্রহণের মাধ্যমে আকর্ষণীয় পুরস্কার জেতার সুযোগ রয়েছে। মেলা হতে প্রাপ্ত অনুদানের অর্থ ফোসা কর্তৃক বিভিন্ন চ্যারিটি/সেবামূলক কাজে ব্যবহার করা হবে।

০২। উক্ত ফোসা ইন্টারন্যাশনাল চ্যারিটি বাজার-এ আপনারা সবাব্ধবে/সপরিবারে আমন্ত্রিত।

ধন্যবাদসহ,

(ইসমাত জেরিন)
সাধারণ সম্পাদক

বিতরণঃ

০১। সভাপতি, ফরেন অফিস স্পাউসেস এসোসিয়েশন, ঢাকা।

০২। ফরেন অফিস স্পাউসেস এসোসিয়েশন এর সকল সদস্য।